# GLOBAL UNIVERSITY BANGLADESH

স্মারক নম্বর: জিইউবি/এমআইএসসি/২০২৬/১২৪২ তারিখ: ০৮/০৩/২০২৬

## অফিস আদেশ

বিষয়: বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিশ্ববিদ্যালয় বন্ধ সংক্রান্ত।

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বরঃ ৩৭.০০.০০০০.০৭৮.৯৯.০০১.২০২২-৬২, তারিখ ০৮/০৩/২০২৬ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০০০.০৩১.৯৯.০০০৪.২১.৭৮ তারিখ: ০৮/০৩/২০২৬ খ্রিঃ মাধ্যমে জারিকৃত অফিস স্মারকের নির্দেশনা মোতাবেক জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করার নিমিত্তে আগামী ০৯/০৩/২০২৬ তারিখ থেকে বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডারে উল্লেখিত পবিত্র মাহে রমজান, শব-ই-কদর, ঈদ-উল-ফিতর এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আগামী ২৬/০৩/২০২৬ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাসহ সকল একাডেমিক কার্যক্রম বন্ধ থাকবে।

উল্লেখ্য, ০৯/০৩/২০২৬ তারিখ থেকে ১৬/০৩/২০২৬ তারিখ পর্যন্ত সাপ্তাহিক ও সরকারি ছুটি ব্যাতিত বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম সচল থাকবে এবং ০৯/০৩/২০২৬ তারিখ থেকে ২৬/০৩/২০২৬ তারিখ পর্যন্ত সিকিউরিটিসহ অন্যান্য জরুরি সেবাসমূহ বলবৎ রাখা হবে।

তবে যথাযোগ্য মর্যাদার সাথে রাষ্ট্রিয় কর্মসুচী অনুযায়ী ২৬/০৩/২০২৬ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উৎযাপিতা হবে।

এছাড়াও শিক্ষা মন্ত্রণালয়ের নিম্নলিখিত নির্দেশনাসমূহ সকলকে পরিপালনের জন্য অনুরোধ করা হলো।

(ক) দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে।
(খ) বিদ্যমান ব্যবহৃত আলোর অর্ধেক ব্যবহার করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যাবহার পরিহার করতে হবে।
(গ) অফিস চলাকালীন প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে।
(ঘ) এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে।
(ঙ) অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে।
(চ) অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে।
(ছ) বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।
(জ) অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে।
(ঝ) যাবতীয় আলোকসজ্জা পরিহার করতে হবে।
(ঞ) গাড়ির ব্যবহার সীমিত করতে হবে।
(ট) জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

০৮/০৩/২০২৬
(প্রফেসর মো. আবদুল কুদ্দুস)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ, বরিশাল

প্রস্তুতকারকঃ সৈয়দ কামরুল হাসান আছিফ



CamScanner